


# দেশিক সংবাদ

১২/১২/১২০৮



## হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে পিডি ও অধ্যক্ষের কক্ষে তালা

দিনাজপুর থেকে নিম্নস্থ সংবাদদাতা :  
বিশ্ববিদ্যালয়ের প্রজাপন জারি, রেজিস্ট্রেশন  
পদন, নিয়মিত পরীক্ষা গ্রহণ এবং  
বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালু করার  
দাবিতে দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ  
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১ম ও ২য়  
ব্যাচের আন্দোলনরত ছাত্রছাত্রীরা শানিবার  
প্রকল্প পরিচালক, অধ্যক্ষসহ কয়েকটি  
অফিস কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে। ১৩ই  
নভেম্বরের মধ্যে এসব দাবি-দাওয়া পূরণ না  
হলে ১৫ই নভেম্বর থেকে আয়কার্ডের  
ভবনে তালাসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে  
বিশ্ববিদ্যালয় অচল এবং আমরণ অনশন  
কর্মসূচি পালনের ঘোষণা দেয়া হয়েছে।

গতকাল শানিবার বিশ্ববিদ্যালয়  
ক্যাম্পাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে  
আন্দোলনরত ছাত্রছাত্রীরা লিখিত বক্তব্যে  
জানায়, ১৯৯০-২০০০এবং ২০০০-২০০১  
শিক্ষা বর্ষের ছাত্র-ছাত্রীরা ১ম ব্যাচ ১৪ মাস  
ও ২য় ব্যাচের ছাত্রছাত্রীরা ৮ মাস ক্লাস  
করার পরও বিশ্ববিদ্যালয়ের অধীনে  
রেজিস্ট্রেশনস্থূল হতে পারেন। ফলে  
বিশ্ববিদ্যালয়ের অধীনে ভর্তি হওয়ার পরেও  
বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার সুযোগ-সুবিধা  
থেকে ছাত্রছাত্রীরা বাধিত।

এ অবস্থায় ১ম ও ২য় ব্যাচের ২শ ৫০  
জন ছাত্রছাত্রীর শিক্ষা জীবন ছমকির  
সম্মুখীন।